

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জানুয়ারি ৯, ২০২৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়  
লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ  
মুদ্রণ ও প্রকাশনা শাখা

বিজ্ঞপ্তি

তারিখ: ২৫ পৌষ, ১৪৩১ বঙ্গাব্দ/ ০৯ জানুয়ারি, ২০২৫ খ্রিস্টাব্দ।

নং ০২ (মু: প্র:)—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের রাষ্ট্রপতি কর্তৃক ২৫ পৌষ, ১৪৩১ বঙ্গাব্দ/ ০৯ জানুয়ারি, ২০২৫ খ্রিস্টাব্দ তারিখে প্রণীত নিম্নে উল্লিখিত অধ্যাদেশটি এতদ্বারা জনসাধারণের জ্ঞাতার্থে প্রকাশ করা হইল।

অধ্যাদেশ নং ০২, ২০২৫

The Excises and Salt Act, 1944 অধিকতর সংশোধনকল্পে প্রণীত

অধ্যাদেশ

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে The Excises and Salt Act, 1944 (Act No. I of 1944) সংশোধন করা সমীচীন ও প্রয়োজনীয়; এবং

যেহেতু সংসদ ভাঙ্গিয়া যাওয়া অবস্থায় রহিয়াছে এবং রাষ্ট্রপতির নিকট ইহা সংযোজনকভাবে প্রতীয়মান হইয়াছে যে, আশু ব্যবস্থা গ্রহণের জন্য প্রয়োজনীয় পরিস্থিতি বিদ্যমান রহিয়াছে;

সেহেতু গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৯৩(১) অনুচ্ছেদে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি নিম্নরূপ অধ্যাদেশ প্রণয়ন ও জারি করিলেন:—

( ১০৩ )  
মূল্য : 8.00

**১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।—**(১) এই অধ্যাদেশ The Excises and Salt (Amendment) Ordinance, 2025 নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

**২। Act No. I of 1944** এর FIRST SCHEME এর সংশোধন।—The Excises and Salt Act, 1944 (Act No. I of 1944) এর FIRST SCHEME এর PART-II এর “SERVICES” শিরোনামাধীন টেবিলের কলাম (1) এর Service Code E033.00 এর বিপরীতে কলাম (3) এর—

- (ক) Para (a) এ উল্লিখিত “Taka 300 (three hundred)” শব্দগুলি, সংখ্যা এবং বক্রনীর পরিবর্তে “Taka 700 (seven hundred)” শব্দগুলি, সংখ্যা এবং বক্রনী প্রতিস্থাপিত হইবে; এবং
- (খ) Para (b) এ উল্লিখিত “Taka 3000 (three thousand)” শব্দগুলি, সংখ্যা এবং বক্রনীর পরিবর্তে “Taka 4000 (four thousand)” শব্দগুলি, সংখ্যা এবং বক্রনী প্রতিস্থাপিত হইবে।

তারিখ: ২৫ পৌষ, ১৪৩১ বঙ্গাব্দ  
০৯ জানুয়ারি, ২০২৫ খ্রিস্টাব্দ

মোঃ সাহাবুদ্দিন  
 রাষ্ট্রপতি  
 গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ

ড. হাফিজ আহমেদ চৌধুরী  
 সচিব।